# ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি সংক্রান্ত বিষয়ে ডিগ্রি প্রদানকারী ০৭ (সাত) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে ১ম বর্ষ, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুক আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

**১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা:**

| ক্রমিক নং | বিদ্যালয়ের নাম | আসন সংখ্যা |
|---|---|---|
| ১. | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | ১১০৮ |
| ২. | বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | ৩৩০ |
| ৩. | শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | ৭০৪ |
| ৪. | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট | ৪৩১ |
| ৫. | পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী | ৫৮৭ |
| ৬. | চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | ২৪৫ |
| ৭. | খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা | ১৫০ |
| | **সর্বমোট =** | **৩৫৫৫** |

২। **বিশ্ববিদ্যালয়সমূহের সাধারণ ও সংরক্ষিত আসন সংখ্যা:**

২.১। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন | | মোট |
|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধা | উপজাতীয় | |
| ভেটেরিনারি অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ১৮০ | ১০ | ১ | ১৯১ |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ৩০৪ | ১৫ | ১ | ৩২০ |
| পশু পালন অনুষদ | বি.এসসি. ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) | ১৮০ | ১০ | ১ | ১৯১ |
| কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ১০০ | ৫ | ১ | ১০৬ |
| কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৯৪ | ৫ | ১ | ১০০ |
| | বি.এসসি. ইন ফুড ইঞ্জিনিয়ারিং | ৪৮ | ২ | -- | ৫০ |
| ফিশারিজ অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স) | ১১৩ | ৬ | ১ | ১২০ |
| ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি | বি.এসসি. ইন ফুড সেফটি ম্যানেজমেন্ট | ২৮ | ২ | -- | ৩০ |
| | সর্বমোট = | ১০৪৭ | ৫৫ | ৬ | ১১০৮ |

২.২। বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

| অনুষদ | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন | | মোট |
|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধা | আদিবাসী | |
| কৃষি অনুষদ | বিএস (কৃষি) | ১০১ | ৬ | ৩ | ১০০ |
| ফিশারিজ অনুষদ | বিএস (ফিশারিজ) | ৫৫ | ৩ | ২ | ৬০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ভেটেরিনারি মেডিসিন এ্যান্ড এ্যানিমেল সায়েন্স অনুষদ | ডিভিএম (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন) | ৫৫ | ৩ | ২ | ৬০ |
| কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ | বিএস (কৃষি অর্থনীতি) | ৯২ | ৫ | ৩ | ১০০ |
| সর্বমোট = | | ৩০৩ | ১৭ | ১০ | ৩৩০ |

## ২.৩। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা

| অনুষদ | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন | | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধা | উপজাতি | আদিবাসী | দলিত | হরিজন | বিকিএসপি | সিটমহল | পোষ্য | |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ৩৫০ | ১৮ | ২ | ২ | ১ | ১ | ১ | ১ | ১১ | ৩৮৭ |
| এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ | বি.এসসি. ইন এগ্রিবিজনেস | ৬০ | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৭১ |
| | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ৬০ | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৭১ |
| এ্যানিমেল সাইন্স এ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ | বি.এসসি. ইন ভেটেরিনারি সাইন্স এন্ড এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) | ১০০ | ৫ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ৩ | ১১৪ |
| ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সাইন্স অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ | ৫০ | ৩ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৬১ |
| সর্বমোট = | | ৬২০ | ৩২ | ৬ | ৬ | ৫ | ৫ | ৫ | ৫ | ২০ | ৭০৪ |

## ২.৪। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

| অনুষদ | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধা | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি | অন্যান্য অঞ্চলের উপজাতি | বিকেএসপি | |
| ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ৯২ | ৫ | ১ | ১ | ১ | ১০০ |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ৮১ | ৪ | ১ | ১ | ১ | ৮৮ |
| মাৎস্যবিজ্ঞান অনুষদ | বি.এসসি. ইন ফিসারিজ (অনার্স) | ৬৯ | ৩ | ১ | ১ | ১ | ৭৫ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ৫৮ | ৩ | ১ | ১ | ১ | ৬৪ |
| কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৫৮ | ৩ | ১ | ১ | ১ | ৬৪ |
| বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ | বি.এসসি. ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (অনার্স) | ৩৫ | ২ | ১ | ১ | ১ | ৪০ |
| মোট = | | ৩৯৩ | ২০ | ৬ | ৬ | ৬ | ৪৩১ |

২.৫। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী

| অনুষদ | ডিগ্রির নাম | সাধারণ | আসন সংখ্যা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তি যোদ্ধা | উপজাতি | পোষ্য | প্রতিবন্ধী | প্রবাসীর সন্তান | হরিজন দলিত | বিকিএসপি | মোট |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ২০০ | ১০ | ৪ | ২ | ৪ | ৪ | ২ | ১ | ২২৭ |
| মাৎস্যবিজ্ঞান অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স) | ৬০ | ৩ | ২ | ১ | ২ | ২ | ১ | ১ | ৭২ |
| এ্যানিমেল সায়েন্স এ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন | ৬০ | ৩ | ২ | ১ | ২ | ২ | ১ | ১ | ৭২ |
| | বি.এসসি. ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) | ৬০ | ৩ | ২ | ১ | ২ | ২ | ১ | ১ | ৭২ |
| ডিজাস্টার ম্যানেজমেন্ট অনুষদ | বি.এসসি. ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স) | ৬০ | ৩ | ২ | ১ | ২ | ২ | ১ | ১ | ৭২ |
| নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স অনুষদ | বি.এসসি. ইন নিউট্রিশন এ্যান্ড ফুড সায়েন্স (অনার্স) | ৬০ | ৩ | ২ | ১ | ২ | ২ | ১ | ১ | ৭২ |
| সর্বমোট = | | ৫০০ | ২৫ | ১৪ | ৭ | ১৪ | ১৪ | ৭ | ৬ | ৫৮৭ |

২.৬। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

| অনুষদ | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন | | মোট |
|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধা | উপজাতীয় | |
| ভেটেরিনারি মেডিসিন অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ৯৪ | ৩ | ৩ | ১০০ |
| ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ | বি. এসসি. ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি (সম্মান) | ৭৪ | ৩ | ৩ | ৮০ |
| ফিশারিজ অনুষদ | বি. এসসি. ইন ফিশারিজ (সম্মান) | ৫৯ | ৩ | ৩ | ৬৫ |
| | সর্বমোট = | ২২৭ | ৯ | ৯ | ২৪৫ |

২.৭। খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

| অনুষদ | ডিগ্রির নাম | সাধারণ | সংরক্ষিত আসন | | মোট |
|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধা | উপজাতীয় | |
| ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ | বি.এসসি. ইন ভেটেরিনারি সাইন্স এন্ড এ্যানিমেল হাজবেন্ড্রি | ২৭ | ২ | ১ | ৩০ |
| এগ্রিকালচার অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ২৭ | ২ | ১ | ৩০ |
| ফিশারিজ অ্যান্ড ওশান সায়েন্সেস অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স) | ২৮ | ১ | ১ | ৩০ |
| এগ্রিকালচারাল ইকোনমিক্স অ্যান্ড এগ্রিবিজনেস স্টাডিজ অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ২৮ | ১ | ১ | ৩০ |
| এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ২৮ | ১ | ১ | ৩০ |
| | সর্বমোট = | ১৩৮ | ৭ | ৫ | ১৫০ |

**৩। আবেদন করার যোগ্যতা:**

ক) যে সকল ছাত্র/ছাত্রী ২০১৬/২০১৭ সালে এসএসসি/সমমান এবং ২০১৮/২০১৯ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হতে পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান ও গণিত বিষয়সমূহে উত্তীর্ণ হয়েছে, কেবল মাত্র তারাই আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে নূন্যতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট নূন্যতম জিপিএ ৭.০০ (চতুর্থ বিষয় ব্যতীত) থাকতে হবে।

গ) জিসিই O লেভেল এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় প্রতিটিতে নূন্যতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট নূন্যতম জিপিএ ৭.০০ থাকতে হবে। উল্লেখ্য যে, O লেভেল এবং A লেভেল এর ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য ৫, B গ্রেডের জন্য ৪, C গ্রেডের জন্য ৩.৫ এবং D গ্রেডের জন্য ৩ পয়েন্ট গণ্য করা হবে।

**৪। আবেদনের নিয়মাবলি**

ক) আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য www.admission-agri.org ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের আবেদন নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) মোবাইল ফোন নাম্বার প্রদানের স্থানে নিজস্ব বা বিশ্বস্ত ফোন নাম্বার হওয়া আবশ্যক। এই নাম্বারে এসএমএস এর মাধ্যমে PIN/লগইন পাসওয়ার্ড ও গুরুত্বপূর্ণ তথ্যাদি জানানো হবে।

গ) কোটায় আবেদনকারী না হলে কোটার ঘরে 'সাধারণ' সিলেক্ট করতে হবে।

**৫। আবেদন ফি প্রদানের নিয়মাবলি**

আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা মাত্র '**রকেট**', '**বিকাশ**' বা '**শিওরক্যাশ**'-এর মাধ্যমে নিম্নে প্রদত্ত নির্দেশনা মোতাবেক জমা দিতে হবে। তবে কেউ তাৎক্ষণিকভাবে ফি জমা দিতে না পারলে আবেদনের শেষ তারিখের মধ্যেই উক্ত ওয়েবসাইটে লগইন করে জমা দিতে হবে।

**(ক) রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া**

- ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *322# ডায়াল করতে হবে।
- Bill pay সিলেক্ট করতে হবে।
- তারপর Self সিলেক্ট করতে হবে।
- কৃষি বিষয়সমূহে ভর্তির জন্য '০' (শুন্য) সিলেক্ট করতে হবে।
- Biller ID হিসেবে 336 টাইপ করতে হবে।
- Bill Number এর স্থলে HSC-এর Registration No. টাইপ করতে হবে।
- Amount হিসেবে আবেদন ফি টাকা ১০০০ টাইপ করতে হবে।
- এবার রকেট এর PIN টাইপ করতে হবে।
- ফিরতি SMS-এর মাধ্যমে একটি Transaction ID (TxnID) আসবে।
- অনলাইনে প্রবেশ করে পেমেন্ট অপশন হতে **রকেট** সিলেক্ট করে নির্ধারিত স্থানে উক্ত Transaction ID টি প্রদান করতে হবে।

**(খ) বিকাশ-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া**

- আবেদনের ওয়েবসাইটে বিকাশ সিলেক্ট করলে যে স্ক্রিন আসবে, তাতে বিকাশ একাউন্টের নাম্বার দিতে হবে এবং শর্তাবলিতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যেতে হবে।
- উক্ত বিকাশ একাউন্ট নাম্বারে sms-এর মাধ্যমে ৬ সংখ্যার একটি ভেরিফিকেশন কোড আসবে। সেটি পেমেন্ট স্ক্রিনে দিয়ে পরবর্তী ধাপে যেতে হবে।
- এরপর বিকাশ একাউন্টের পিন দিতে হবে এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে। পেমেন্ট সফল হলে সাথে সাথেই একটি কনফার্মেশন এসএমএস পাওয়া যাবে।

**(গ) শিওরক্যাশ-এর মাধ্যমে তিনভাবে ভর্তি পরীক্ষার ফি জমা দেয়া যাবে**

(i) শিওরক্যাশ USSD Menu এর মাধ্যমে ফি প্রদান-

ধাপ-১: শিওরক্যাশ এর মেনু পেতে *৪৯৫# ডায়াল করে PAYMENT অপশন নির্বাচন করতে হবে।

ধাপ-২: পেমেন্ট কি-ওয়ার্ড: AGRI লিখতে হবে।

ধাপ-৩: আইডি হিসেবে এইচ.এস.সি.-র রেজিস্ট্রেশন নাম্বার লিখতে হবে।

ধাপ-৪: মোবাইলে নাম সহ Due Amount: Tk. 1000 প্রদর্শিত হবে এবং মোবাইল একাউন্টের পিন নাম্বার প্রদান করলে, পেমেন্ট সফল হলে TXN নাম্বার সহ Successful Massage প্রদর্শিত হবে।

**(ii) শিওরক্যাশ এর অ্যাপ এ লগ ইন করে-**

ধাপ-১: Payment অপশন সিলেক্ট করতে হবে

ধাপ-২: পরবর্তী ধাপে যেতে **AGRI** লিখে Next অপশন সিলেক্ট করতে হবে।

ধাপ-৩: স্টুডেন্টের আইডি হিসেবে তার এইচ.এস.সি.-র রেজিস্ট্রেশন নাম্বার লিখতে হবে।

ধাপ-৪: মোবাইল স্ক্রিনে নাম সহ Amount: Tk. 1000 প্রদর্শিত হবে, পরবর্তি/ Next বাটন সিলেক্ট করতে হবে।

ধাপ-৫: পেমেন্ট নিশ্চিত করতে Confirmation বাটন সিলেক্ট করতে হবে। Payment সফল হলে Txn ID সহ Successful Massage প্রদর্শিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে উক্ত Txn ID ব্যবহার করতে হবে।

**(iii) ওয়েবসাইটে সরাসরি ফি জমা দেওয়ার নিয়ম**

ধাপ-১: ওয়েবসাইটে লগইন করতে হবে

ধাপ-২: টাকা জমাদানের স্ক্রিনে গিয়ে শিওরক্যাশ অপসন সিলেক্ট করতে হবে।

ধাপ-৩: শিওরক্যাশ ওয়ালেট নাম্বার লিখে, সাবমিট দিতে হবে। উক্ত শিওরক্যাশ ওয়ালেট সংযুক্ত মোবাইল নাম্বারে একাটি নিশ্চিতকরণ অনুরোধ যাবে।

ধাপ-৪: শিওরক্যাশ ওয়ালেট নাম্বারের চার সংখ্যার পিন দিতে হবে। পেমেন্ট সফল হলে সাথে সাথেই Txn ID সহ একটি কনফার্মেশন এসএমএস পাওয়া যাবে।

**লক্ষণীয়**

- শিক্ষার্থীকে ভর্তির আবেদন সম্পন্ন করে পেমেন্ট করতে হবে, স্টুডেন্টের আইডি হিসেবে তার এইচ.এস.সির রেজিস্ট্রেশন  নাম্বার ব্যবহার করতে হবে।
- ভর্তির আবেদন ফি বাবদ শিক্ষার্থীপ্রতি ১০০০ টাকা পরিশোধ করতে হবে।
- মোট আসন সংখ্যার ১০ (দশ) গুণ প্রার্থীকে মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- পরীক্ষার সময় কোন ক্যালকুলেটর, মোবাইল ফোন এবং এজাতীয় ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করা নিষিদ্ধ।

৬। **ছবি আপলোড:** আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবির সফ্ট কপি (৫০ কিলোবাইটের মধ্যে jpg ফরম্যাটে) অনলাইনে আবেদনকালীন অথবা আবেদনের শেষ তারিখের পূর্বে লগইন করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। উল্লেখ্য যে, ছবি ব্যতীত প্রবেশপত্র ডাউনলোড করা যাবে না।

৭। **অপশন/পছন্দক্রম প্রদান:** আবেদনকারীকে আবেদন কালীন প্রতিটি বিশ্ববিদ্যালয়ের কাঙ্খিত বিষয়সমূহের মধ্য থেকে পছন্দক্রম অনুযায়ী বিষয়সমূহ নির্বাচন করতে হবে। পছন্দক্রমে কোন বিশ্ববিদ্যালয়ের কোন বিষয় নির্বাচন করা না হলে সে সকল বিষয় আবেদনকারীর জন্য বিবেচিত হবে না। ভর্তি পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত লগইন করে পছন্দক্রম পরিবর্তন করা যাবে।

৮। **পরীক্ষার কেন্দ্র নির্ধারণ:** আবেদনকারী যে বিশ্ববিদ্যালয় কেন্দ্র হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, তা পরীক্ষা কেন্দ্রের পছন্দক্রমের ঘরে নির্বাচন করতে হবে। এই পছন্দক্রম এবং এসএসসি-এইচএসসি এর মেধার ভিত্তিতে ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্ধারিত হবে। উল্লেখ্য যে, সকল পরীক্ষা কেন্দ্রই পছন্দক্রমে দেখাতে হবে।

৯। **পরীক্ষার বিষয় ও** নম্বর **বন্টণ:** এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ইংরেজিতে-১০, প্রাণিবিজ্ঞানে-১৫, উদ্ভিদবিজ্ঞানে-১৫, পদার্থে-২০, রসায়নে-২০ এবং গণিতে-২০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

১০। **ফলাফল প্রস্তুতি**: মোট ২০০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/সমমানের চতুর্থ বিষয় ব্যতীত জিপিএ-এর ৮ গুণ এবং এইচএসসি/সমমানের চতুর্থ বিষয় ব্যতীত জিপিএ-এর ১২ গুণ যোগ করে ফলাফল এবং মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

**১১। ভর্তি প্রক্রিয়া**

ক) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সময়ই মেধা তালিকা অনুযায়ী ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ যে বিশ্ববিদ্যালয়ের যে বিষয়ের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হবে, তা প্রকাশ করা হবে এবং সে বিশ্ববিদ্যালয়েই ভর্তি ফি জমা দিয়ে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও কোটা ডকুমেন্টস উক্ত বিশ্ববিদ্যালয়েই জমা দিতে হবে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফি-র পরিমান ফলাফল প্রকাশের সময় ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

খ) ভর্তির পর আসন খালি থাকা সাপেক্ষে অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনসমূহে অপেক্ষমান তালিকা হতে ভর্তি করা হবে। অটোমাইগ্রেশনের যে কোন পর্যায়ে অটোমাইগ্রেশন বন্ধ করতে চাইলে অনলাইনে লগইন করে আবেদন করতে হবে।

ঘ) সর্বশেষ অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর প্রার্থীগণ যে যে বিশ্ববিদ্যালয় ও বিষয়ের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হবে, তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। অটোমাইগ্রেশনের কারণে যে সকল ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর বিশ্ববিদ্যালয়ের পরিবর্তন হবে, তাদেরকে নির্ধারিত তারিখে সর্বশেষ-প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে গিয়ে পূর্বে জমাকৃত ভর্তি-ফির সাথে সেই বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য ভর্তি-ফি সমন্বয় করে ভর্তির কার্যক্রম চুড়ান্ত করতে হবে। সর্বশেষ অটোমাইগ্রেশনের পর এক বিশ্ববিদ্যালয় হতে অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হওয়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও অন্যান্য ডকুমেন্ট বিশ্ববিদ্যালয়সমূহ পরস্পরের মধ্যে আদান প্রদান করে নেবেন।

১২। **ভর্তি বাতিল**

ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রী তার ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য ডকুমেন্ট ফেরৎ নিতে চাইলে যে বিশ্ববিদ্যালয়ে তার ডকুমেন্টস রয়েছে, সে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ভর্তি বাতিলের জন্য আবেদন করতে হবে। উল্লেখ্য যে ভর্তি বাতিল করার জন্য টাকা ১০,০০০/- মাত্র ভর্তি বাতিল ফি জমা দিতে হবে।

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তারিখ

| নং | বিষয় | তারিখ ও সময় |
|---|---|---|
| ১. | আবেদন গ্রহণ শুরু ও শেষ | ১০ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর ২০১৯ |
| ২. | প্রবেশপত্র ডাউনলোড | ২০ অক্টোবর থেকে ২৮ নভেম্বর ২০১৯ |
| ৩. | ওয়েবসাইটে আসন বিন্যাস প্রকাশ | ২৫ নভেম্বর ২০১৯ |
| ৪. | ভর্তি পরীক্ষা | ৩০ নভেম্বর ২০১৯ (শনিবার)<br>১১:০০ টা থেকে ১২:০০ টা |
| ৫. | ফলাফল প্রকাশ | ০৫ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে |
| ৬. | কোটায় নির্বাচিত প্রার্থীদের কোটা সংক্রান্ত মূল-ডকুমেন্টস যাচাইয়ের জন্য যে বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত হয়েছে, সে বিশ্ববিদ্যালয়ে সশরীরে রিপোর্ট করতে হবে | ০৮ ডিসেম্বর ২০১৯ (রবিবার)<br>১০:০০ হতে ৫:০০ টা |
| ৭. | মেধা তালিকাভূক্ত প্রার্থীদের যে বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত হয়েছে, সে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে মূল ডকুমেন্টস ও ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে | ১০ ও ১১ ডিসেম্বর ২০১৯<br>১০:০০ টা থেকে ৫:০০ টা |

| | | |
|---|---|---|
| ৮. | অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের (যদি থাকে) জন্য অপেক্ষমান প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী বিষয় ও বিশ্ববিদ্যালয় ভিত্তিক ফলাফল প্রকাশ করা হবে | ১৪ ডিসেম্বর ২০১৯ (শনিবার) |
| ৯. | নির্বাচিত প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত হয়েছে, সে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে মূল ডকুমেন্টস ও ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে | ১৭ ডিসেম্বর ২০১৯ (মঙ্গলবার) ১০:০০ টা থেকে ৫:০০ টা |
| ১০. | দ্বিতীয় অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের (যদি থাকে) জন্য অবশিস্ট অপেক্ষমান তালিকার প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী বিশ্ববিদ্যালয় ও বিষয় ভিত্তিক ফলাফল প্রকাশ করা হবে | ১৯ ডিসেম্বর ২০১৯ (বৃহস:প্রতিবার) |
| ১১. | নির্বাচিত প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত হয়েছে, সে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে মূল ডকুমেন্টস ও ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে | ২৩  ডিসেম্বর ২০১৯ (সোমবার) |
| ১২. | ক্লাশ শুরুর তারিখ | ভর্তি সম্পন্ন হওয়ার পর বা চলাকালীন ওয়েবসাইটে প্রকাশ করা হবে। |